

الْبَارِئُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ১৩তম নাম ‘আল বারী’ আজকের আলোচনার বিষয়।

আল্লাহ আল বারী অর্থ: আল্লাহ ‘উদ্ভাবন কর্তা’, ‘সৃষ্টির উদ্ভাবক’।

পবিত্র কুরআন মজিদে ইরশাদ হচ্ছে:

هُوَ اللَّهُ الْخَالِقُ الْبَارِئُ ﴿٢٤﴾

সূরা আল হাশর ২৪ নং আয়াত -

তিনিই আল্লাহ, স্রষ্টা, সৃষ্টির উদ্ভাবক।

يَأْتِيهَا النَّاسُ ضُرْبَ مَثَلٍ فَاستَمِعُوا لَهُ إِنَّ الَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِ اللَّهِ لَنْ يَخْلُقُوا ذُبَابًا
وَلَوْ اجْتَمَعُوا لَهُ وَإِنْ يَسئَلُهُمُ الذُّبَابُ شَيْئًا لَّا يَسْتَنْقِذُوهُ مِنْهُ ضَعُفَ الطَّالِبُ
وَالْمَطْلُوبُ ﴿٧٣﴾

সূরা আল হাজ্জ ৭৩ নং আয়াত -

হে মানুষ! একটা উপমা দেয়া হচ্ছে, মনোযোগ দিয়ে তা শোনো। তোমরা আল্লাহর পরিবর্তে যাদের ডাকো, তারা একটা মাছিও সৃষ্টি করতে পারে না, এ উদ্দেশ্যে তারা সবাই একত্র হলেও নয়। আর মাছি যদি তার থেকে কিছু ছিনিয়ে নিয়ে যায়, তাও তার থেকে উদ্ধার করতে পারেনা। সাহায্য সন্ধানকারী এবং যার কাছে সাহায্য সন্ধান করা হয়, (তারা উভয়ই) কতো যে দুর্বল।

বুখারী শরীফের হাদিস:

আল্লাহর অবাধ্য হয়ে, সৃষ্টি জগতের কারো আনুগত্য করা চরম অন্যায়। ভালো কাজের আনুগত্য করা যেতে পারে।

বুখারী ও মুসলিম শরীফের হাদিস:

রাসূল সা: হযরত আলী রা: কে উপদেশ দিয়েছিলেন, তোমার দ্বারা যদি একজন ব্যক্তি আল্লাহর হেদায়াত লাভ করে, তবে তা তোমার জন্য পৃথিবীর সকল কিছুর চেয়ে উত্তম।

আসুন, আমরা সাহায্য প্রার্থনা করি, সমস্ত সৃষ্টির মহান উদ্ভাবক আল্লাহর নিকট। আমরা কাউকে তার সাথে শরিক না করি। কারণ শিরক বড় জুলুম, অনেক বড় অপরাধ। সমস্ত সৃষ্টির উদ্ভাবন কর্তা আল্লাহ এই অপরাধ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের শিরক্বুক্ত জীবন যাপন করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবাবারাকাতুহা।